গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর,
কুষ্টিয়া রোড, মেহেরপুর সদর, মেহেরপুর
principal.mgc@gmail.com

স্মারক নং: মেসক/২০২৬/৩৪৯, তারিখ: ২২/১১/২০২৬ খ্রি.

প্রস্তাব দলিল (Proposal Document)

প্যাকেজ নং MGC/MEH/Solar-01

প্যাকেজের নাম: মেহেরপুর সরকারি কলেজে মোট ০৩টি ভবনে (প্রশাসনিক ভবন ৪৭ কিলোওয়াট পিক, একাডেমিক এক্সামেনিশন হল ৫৯ কিলোওয়াট পিক, ছাত্রী নিবাস ভবন ৫২ কিলোওয়াট পিক) মোট ১৫৮ কিলোওয়াট পিক ক্ষমতা সম্পন্ন সৌর বিদ্যুৎ স্থাপন ও পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম।

ক্রমিক নং	ভবনের বিবরণ	ছাদের পরিমাণ (বর্গফুট)	বাস্তবায়ন যোগ্য সৌরবিদ্যুৎ (কিলোওয়াট পিক)	মন্তব্য
০১	প্রশাসনিক ভবন	৪৬৮০	৪৭	ন্যুনতম ২০% কিলোওয়াট-ঘন্টা ক্ষমতার ব্যাটারি স্টোরেজ সিস্টেম বাধ্যতামূলকভাবে স্থাপন সহ
০২	একাডেমিক কাম এক্সামিনেশন হল	৫৯৪০	৫৯	
০৩	ছাত্রী নিবাস	৫,১৮০	৫২	
	সর্বমোট	১৫৮০০	১৫৮ কিলোওয়াট পিক	

কর্মসূচির নাম: OPEX মডেলে ছাদভিত্তিক অন-গ্রিড সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ। ছাদমালিক/সংস্থা (Roof Owner): মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর

নির্বাচন পদ্ধতি: বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানির মেহরপুর জেলার অনুমোদিত তালিকাভুক্ত Service Provider মধ্য হতে প্রতিযোগিতা মূলক পদ্ধতি।

প্রস্তাব দাখিলের সময়সীমা: নোটিশ আহবানের তারিখ হতে নূন্যতম ১০ দিন।

জমাদানের শেষ তারিখঃ৩০/১১/২০২৬ খ্রি. ও সময়: বিকাল ৩.০০ ঘটিকা।
জমাদানের স্থানঃ মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর

প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর
আইডি নং-৭৩০৭
অধ্যক্ষ
মেহেরপুর সরকারি কলেজ
মেহেরপুর

অনুলিপি:
১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
৫। শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর, মেহেরপুর
৬। নির্বাহী প্রকৌশলী, ওজোপোডিকো, মেহেরপুর
৭। মেসার্স/জনাব ..... অনুমোদিত তালিকাভুক্ত Service Provider, ...উপজেলা, মেহেরপুর।
৪। অফিস নথি।

অধ্যায়-১: প্রস্তাব আহবান

১. নেট মিটারিং নির্দেশিকার আওতায়, মেহেরপুর সরকারি কলেজের ছাদে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনে আগ্রহী বিদ্যুৎ বিভাগের আওতাধীন মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর জেলার জন্য অনুমোদিত তালিকাভুক্ত Service Provider-দের নিকট হতে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

২. Service Provider তার নিজস্ব অর্থায়নে OPEX (Operational Expenditure) মডেলে সম্পূর্ণ সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করবে এবং ১৫ বছরের জন্য পরিচালনা ও মেরামত কাজ সম্পন্ন করবে। সৌরবিদ্যুৎ ব্যবস্থা হতে উৎপাদিত বিদ্যুতের নির্ধারিত একটি অংশ ছাদ ভাড়ার বিনিময়ে ছাদ মালিককে শেয়ার হিসেবে বিনামূল্যে প্রদান করবে। ছাদ মালিকের ব্যবহারের পর অতিরিক্ত বিদ্যুৎ নেট মিটারিংয়ের মাধ্যমে বিদ্যুৎ বিতরণকারী সংস্থায় বিক্রয় করা যাবে।

৩. দলিল সংগ্রহের ঠিকানাঃ সাধারণভাবে প্রস্তাব আহবানকারী তালিকাভুক্ত *সংশ্লিষ্ট মেহেরপুর* জেলার জন্য অনুমোদিত Service Provider-দেরকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে আবার প্রস্তাব দলিল সরাসরি "ক" বর্ণিত অফিস থেকে সংগ্রহ করতে পারবেন। অথবা "খ" বর্ণিত ওয়েবসাইট হতে সংগ্রহ করতে পারবেন।

ক) মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর

খ) www.mgc.edu.bd ওয়েবসাইট হতে পিডিএফ বা Doc কপি সংগ্রহ করা যাবে।

৪. দলিল সংগ্রহ ও প্রস্তাব জমাদানের শেষ তারিখঃ ৩০/১১/২০২৬ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা।

৫. প্রস্তাব জমাদানের ঠিকানাঃ শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর কার্যালয়,মেহেরপুর। মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর/ তালিকাভুক্ত মেহেরপুর জেলার জন্য অনুমোদিত Service Provider-গণ ডাকযোগেও নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

৬. বৈধতার মেয়াদঃ প্রস্তাব দাখিলের তারিখ হতে ৩০ দিন (২০/১২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত)।

৭. স্ব স্ব সংস্থা/প্রতিষ্ঠান/কোম্পানির সংশ্লিষ্ট অফিস প্রধান বা তার মনোনিত কর্মকর্তা চুক্তি স্বাক্ষর করবেন।

প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর
আইডি নং-৭৩০৭
অধ্যক্ষ
মেহেরপুর সরকারি কলেজ
মেহেরপুর

প্রাপকের নাম ও ঠিকানাঃ

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭। অফিস কপি।

অধ্যায়-২: প্রস্তাব উপাত্ত শীট

ক. কাজের পরিধি (Scope of Work):

১. মেহেরপুর সরকারি কলেজে (প্রশাসনিক ভবন, একাডেমিক কাম এক্সামেনিশন হল, ছাত্রী নিবাস মোট ০৩টি ভবনের নিম্নের ছাদসমূহ:

ক্রমিক নং	ভবনের বিবরণ	ছাদের পরিমাণ (বর্গফুট)	বাস্তবায়ন যোগ্য সৌরবিদ্যুৎ (কিলোওয়াট পিক)	মন্তব্য
০১	প্রশাসনিক ভবন	৪৬৮০	৪৭	ন্যুনতম ২০% কিলোওয়াট-ঘন্টা ক্ষমতার ব্যাটারি স্টোরেজ সিস্টেম বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে।
০২	একাডেমিক কাম এক্সামিনেশন হল	৫৯৪০	৫৯	
০৩	ছাত্রী নিবাস	৫,১৮০	৫২	
	সর্বমোট	১৫৮০০	১৫৮ কিলোওয়াট পিক	

উপর্যুক্ত বর্ণিত অফিস ভবন সমূহের ছাদ/ আঙ্গিনায় বর্ণিত আনুমানিক ১৫৮ (৪৭+৫৯+৫২) কিলোওয়াট পিক ক্ষমতায় ছাদ ভিত্তিক সোলার পিভি (Solar PV) সিস্টেম ডিজাইন, অর্থায়ন, সরবরাহ, স্থাপন ও সিস্টেম নিক্রোনাইজেশন।

২. যে কোন সক্ষমতার সোলার সিস্টেমে ব্যাটারি স্থাপন করা যেতে পারে। তবে ২৫ কিলোওয়াট-পিক ক্ষমতার অধিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনের ক্ষেত্রে ন্যুনতম ২০% কিলোওয়াট-ঘন্টা ক্ষমতার ব্যাটারি স্টোরেজ সিস্টেম বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে। যেমন: ২৫ কিলোওয়াট-পিক ক্ষমতার ক্ষেত্রে ৫ কিলোওয়াট ঘন্টার ব্যাটারি স্টোরেজ স্থাপন করতে হবে।

৩. ১৫ বছর মেয়াদে নিরবচ্ছিন্ন পরিচালন ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান। প্রযোজ্য ক্ষেত্রে যন্ত্রপাতি প্রতিস্থাপনসহ অন্যান্য কার্যক্রম।

৪. সোলার একাউন্টিং মিটার (Solar/RE Accounting Meter) ও বাই-ডিরেকশনাল নেট মিটার স্থাপনসহ সকল প্রাথমিক খরচ বহন।

শর্তঃ কাজ সম্পাদনের জন্য গ্রাহক নির্বাচিত Service Provider-কে সহযোগিতা করবে। যেমন: নেট মিটারিং-এর আবেদনপত্র প্রস্তুত, প্রয়োজনীয় স্বাক্ষর, সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য অফিস সময় বা ছুটির দিনে ছাদে গমনের অনুমতি প্রদান করবে। গ্রাহক বা ছাদ মালিক ছাদ ব্যবহার ও সৌরবিদ্যুৎ স্থাপনার নিরাপত্তা বিষয়ে নির্বাচিত Service Provider-এর সাথে একটি ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করবে।

খ. যোগ্যতা (Eligibility Criteria):

১. প্রস্তাবদাতাকে অবশ্যই বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সংশ্লিষ্ট জেলার জন্য অনুমোদিত Service Provider-এর তালিকায় অন্তর্ভুক্ত থাকতে হবে।

২. হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN), ভ্যাট নম্বর এবং আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র থাকতে হবে।

৩. প্রস্তাবিত মোট নির্মাণ ব্যয়ের *ন্যূনতম ৩০* শতাংশ সমপরিমাণ আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। বিবেচ্য কাজের নাম উল্লেখপূর্বক যে কোন তফসিলি ব্যাংক/স্বীকৃত আর্থিক প্রতিষ্ঠান/এনজিও হতে পরিমানসহ ব্যাংক গ্যারান্টি/ক্রেডিট প্রতিশ্রুতির সনদ জমা দিতে হবে।

কেবলমাত্র যোগ্যতার মানদন্ডে উত্তীর্ণ প্রস্তাব দাখিলকারীদের প্রস্তাবসমূহ পরবর্তীতে মূল্যায়নের জন্য বিবেচিত হবে। অন্যথায় প্রস্তাবসূহ বাতিল বলে গণ্য হবে।

গ. চুক্তির মেয়াদ (Contract Duration): সংশ্লিষ্ট মেহেরপুর জেলার বিতরণ সংস্থা কর্তৃক বাণিজ্যিক চালুর তারিখ (Commercial Operation Date-COD) ঘোষণা হতে *১৫* বছর বলবৎ থাকবে। পরবর্তীতে চুক্তির মেয়াদ পারস্পরিক সমঝোতায় বৃদ্ধিযোগ্য।

অধ্যায় ৩: মূল্যায়ন ও নির্বাচন মানদণ্ড

স্বচ্ছতা, জবাবদিহিতা, সমআচরণ ও প্রতিযোগিতা নিশ্চিতের লক্ষ্যে দাখিলকৃত প্রস্তাবসমূহ যথাযথভাবে মূল্যায়ন করা হবে। প্রস্তাব আহবানকারী অন্য দপ্তর/সংস্থার ১(এক) জন প্রতিনিধিসহ মোট ৩(তিন) সদস্যের একটি কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়ন করবেন। প্রাথমিক ভাবে কারিগরি দিকসমূহ পরীক্ষা-নিরীক্ষা করা হবে:

১. কারিগরি মূল্যায়ন (Technical Evaluation): বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী

ক) প্যানেল ও ইনভার্টার স্পেসিফিকেশনঃ বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী সোলার প্যানেল, গ্রিড-টাইড ইনভার্টার এবং মিটারিং যন্ত্রপাতি অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে SREDA বা BSTI নির্ধারিত কারিগরি মানদণ্ড অর্জন করতে হবে।

খ) গ্রিড কোড প্রতিপালনঃ বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা এবং গ্রিড কোড প্রতিপালন করতে হবে।

গ) স্ট্রাকচারাল সেফটিঃ ছাদে লোড বিয়ারিং ক্যাপাসিটি এবং বাতাসের গতিবেগ প্রতিরোধী মাউন্টিং স্ট্রাকচার ডিজাইন উপস্থাপন করতে হবে।

কারিগরি মূল্যায়নের বিবেচনার জন্য প্রস্তাবকারী নিজস্ব দাপ্তরিক প্যাডে প্রযোজ্য ক্ষেত্রে SREDA বা BSTI নির্ধারিত কারিগরি মানদণ্ড উল্লেখপূর্বক তাদের প্রস্তাবিত যন্ত্রপাতির মানদন্ডের তুলনামূলক একটি ঘোষণা প্রদান করবে (সংযুক্তি-ক)। ঘোষণার ভিত্তিতেই কারিগরিভাবে গ্রহণযোগ্য প্রস্তাবসমূহ আর্থিক মূল্যায়নের জন্য বিবেচিত হবে।

২. আর্থিক মূল্যায়ন (Financial Evaluation):

মূল্যায়নের ভিত্তি:

ক) বিদ্যুৎ শেয়ার: প্রস্তাবকারী চুক্তিকালীন সময়ে মোট উৎপাদিত বিদ্যুতের যত বেশি শতাংশ ছাদ মালিককে বিনামূল্যে প্রদান করতে সম্মত হবে।

[প্রস্তাবিত শেয়ারের পরিমাণ ১০% এর কম হবে না]

খ) সর্বোচ্চ বিদ্যুৎ শেয়ার প্রস্তাবকারীকে সর্বোত্তম বিনিয়োগকারী হিসেবে বিবেচনা করা হবে।

[উদাহরণস্বরূপ- A, B & C দরপ্রস্তাবকারী যথাক্রমে ১০%, ১২% এবং ১৫% শেয়ার প্রস্তাব করেছে। দরপ্রস্তাবকারী C সর্বোচ্চ ১৫% শেয়ার প্রস্তাব করে সর্বোত্তম বিনিয়োগকারী হিসেবে বিজয়ী Service Provider নির্বাচিত হবে।]

শর্তঃ ছাদ মালিক তার অংশের (বিনামূল্যে প্রাপ্য) শেয়ারের চেয়ে বেশি বিদ্যুৎ ব্যবহার করলে সেই অতিরিক্ত বিদ্যুতের জন্য সরকার ঘোষিত গ্রাহকের খুচরা বিদ্যুৎ দরের (যা পরিবর্তন যোগ্য) শতকরা ৮০% হারে নির্বাচিত Service Provider-কে বিল প্রদান করবে। তবে ৪০০ ভোল্ট পর্যন্ত গ্রাহক শ্রেণীর শিক্ষা, ধর্মীয়, দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল (এলটি ডি-১) যাদের খুচরা মূল্যহার প্রতি ইউনিট ৯.০৫ টাকা, তাদের ক্ষেত্রে Service Provider-কে ইউনিট প্রতি ৮.৫০ টাকা হারে বিল প্রদান করা হবে।

গ) একাধিক প্রতিষ্ঠান সমান শেয়ার প্রস্তাব করলে লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারিত হবে।

ঘ) শেয়ার প্রস্তাবকারীর মধ্য হতে উপর্যুক্ত ক, খ ও গ অনুচ্ছেদের ভিত্তিতে ৩(তিন) জন বিনিয়োগকারীকে ক্রমানুসারে ১ম, ২য় ও ৩য় হিসেবে চিহ্নিত করা হবে।

৩. চুক্তি সম্পাদন নোটিশঃ

ক) মূল্যায়ন শেষে একধাপ উপরের কর্তৃপক্ষ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা নিকট থেকে অনুমোদন গ্রহণ করবেন।

খ) আহবানকারী প্রস্তাবের বৈধতার মেয়াদের মধ্যে সর্বোত্তম বিনিয়োগকারী বা Service Provider-কে লিখিতভাবে চুক্তি সম্পাদনের জন্য আহবান জানাবে।

৪. চুক্তি সম্পাদনঃ

ক) চুক্তি সম্পাদন নোটিশ জারির ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে নির্বাচিত ১ম বিনিয়োগকারী বা Service Provider প্রস্তাবিত সৌরবিদ্যুৎ সিস্টেমের মূল্যের সর্বনিম্ন শতকরা ৩ (তিন) শতাংশ হারে গ্রাহক বরাবরে জামানত (তফসিলি ব্যাংক হতে Pay Order বা ব্যাংক গ্যারান্টি) প্রদানপূর্বক চুক্তি স্বাক্ষর করতে বাধ্য থাকবে।

খ) নির্বাচিত ১ম বিনিয়োগকারী বা Service Provider নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে নির্বাচিত ২য় নির্বাচিত বিনিয়োগকারী বা Service Provider কে চুক্তি সম্পাদনের জন্য আহবান জানানো যাবে। অনুরূপভাবে ২য় নির্বাচিত বিনিয়োগকারী বা Service Provider এর চুক্তি সম্পাদনে ব্যর্থতায় ৩য় বিনিয়োগকারী বা Service Provider কে চুক্তি সম্পাদনে আহবান জানানো যাবে এবং জামানত দাখিল সাপেক্ষে চুক্তি সম্পাদন করা যাবে।

গ) ১ম, ২য় এবং ৩য় বিনিয়োগকারী বা Service Provider চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে পুনরায় প্রস্তাব আহ্বান করা যাবে।

অধ্যায় ৪: চুক্তির শর্তাবলী

১. অর্থায়ন ও মালিকানা:

ক) সৌর বিদ্যুৎ ব্যবস্থার ১০০% মূলধনী (স্থাপনের আনুষঙ্গিক ব্যয়সহ) ব্যয়, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিনিয়োগকারী বহন করবে।

খ) চুক্তির মেয়াদ চলাকালীন সৌরবিদ্যুৎ স্থাপনা ও সরঞ্জামাদির মালিকানা বিনিয়োগকারীর থাকবে।

২. ত্রি-পক্ষীয় নেট মিটারিং চুক্তি (Tripartite Agreement):

ক) প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর ছাদ মালিক (গ্রাহক), নির্বাচিত বিনিয়োগকারী (Service Provider) এবং সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণকারী কোম্পানির মধ্যে হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা এর পরিশিষ্ট-৪ (সংযুক্তি-খ) অনুযায়ী ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হবে। এ দলিলের বর্ণিত বিষয়াদি ত্রি-পক্ষীয় চুক্তির অংশ হিসেবে গণ্য হবে।

৩. নেট মিটারিং বিলিং:

ক) উৎপাদিত বিদ্যুৎ ছাদ মালিক স্বয়ং ব্যবহার করবে। অতিরিক্ত বিদ্যুৎ নেট মিটারিংয়ের মাধ্যমে বিতরণ সংস্থার সিস্টেমে রপ্তানি হবে।

খ) নেট রপ্তানিকৃত বিদ্যুতের ১০% বিদ্যুৎ বিতরণ সংস্থা কর্তন করবে এবং অবশিষ্ট ৯০% বিদ্যুৎ হিসাবভুক্ত হবে।

গ) হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী বিদ্যুৎ বিতরণ সংস্থা ৩ (তিন) মাস পর পর Service Provider-কে বিল প্রদান করবে।

ঘ) ঘোষিত প্রণোদনার আওতায় ২৮ ফেব্রুয়ারি ২০২৭-এর মধ্যে চালুকৃত সিস্টেমের ক্ষেত্রে নেট রপ্তানিকৃত বিদ্যুতের ওপর ২৮ ফেব্রুয়ারি ২০৩০ পর্যন্ত প্রণোদনা সহ প্রতি ইউনিট ১০.৫০ টাকা হারে বিদ্যুতের মূল্য প্রাপ্য হবেন।

ঙ) প্রণোদনার মেয়াদ শেষে সরকার নির্ধারিত বিদ্যুতের দরের ভিত্তিতে হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী গ্রাহক এবং/অথবা বিনিয়োগকারীকে বিল প্রদান করা হবে।

চ) কোনো বিষয়ে অস্বচ্ছতা বা জটিলতা সৃষ্টি হলে হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী সমাধান করা হবে।

৪. বিল প্রদানের সময় ও হিসাবঃ

ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা প্রতি ৩ (তিন) মাস পর পর বিনিয়োগকারী (Service Provider) কে তার প্রাপ্য বিল প্রদান করবে।

খ) বিদ্যুৎ গ্রাহক এবং Service Provider এর মধ্যকার বিল এর হিসাবের জটিলতা পরিহার করার লক্ষ্যে বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ প্রতি ইউনিট ৫ পয়সা হারে চার্জ গ্রহণ সাপেক্ষে (এমপিপি এর ক্ষেত্রে বিইআরসির কর্তৃক নির্ধারিত হার এর অনুরূপ) গ্রাহকের গ্রিড ও সোলার সোর্স থেকে বিদ্যুৎ ব্যবহার নির্ধারণ এবং সরকারের প্রণোদনার সাথে সমন্বয় করে Service Provider-কে বিল প্রদান করবে।

৫. চুক্তি বাস্তবায়নঃ

ক) নির্বাচিত বিনিয়োগকারীকে অবশ্যই নির্ধারিত ৪৫ দিন মেয়াদের মধ্যে প্রস্তাবিত ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা (কেন্দ্র) এবং সিস্টেম সংযোগের সকল ব্যবস্থা সম্পন্ন করতে হবে।

খ) নির্ধারিত সময়ে এবং সম্মতমানে বিনিয়োগকারী (Service Provider) সৌরবিদ্যুৎ ব্যবস্থা এবং সিস্টেম সংযোগ সম্পন্ন করতে ব্যর্থ হলে ৩(তিন) দিনের নোটিশ প্রদানপূর্বক গ্রাহক কর্তৃক চুক্তি বাতিল করা যাবে। সেক্ষেত্রে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত হবে।

৬. চুক্তি সমাপ্তি ও Exit Plan:

ক) চুক্তির ১৫ বছরের মেয়াদ পূর্ণ হওয়ার পর সৌরবিদ্যুৎ ব্যবস্থা ছাদ মালিকের নিকট বিনামূল্যে হস্তান্তর করা হবে অথবা উভয় পক্ষের সম্মতিতে চুক্তি নবায়ন করা হবে।

খ) কোনো পক্ষ মেয়াদপূর্তির পূর্বে চুক্তি বাতিল করতে চাইলে নেট মিটারিং নির্দেশিকার পরিশিষ্ট-৬ (সংযুক্তি-গ) অনুযায়ী পূর্ব নির্ধারিত ফোর্সড এক্সিট প্ল্যান (Forced Exit Plan) প্রযোজ্য হবে।

গ) সংশ্লিষ্ট বিতরণ সংস্থা কর্তৃক বাণিজ্যিক চালুর তারিখ (Commercial Operation Date-COD) ঘোষণা হতে ৭ (সাত) দিনের মধ্যে গ্রাহক বিনিয়োগকারীকে (Service Provider) জামানত ফেরত প্রদান করতে বাধ্য থাকবে।

অধ্যায় ৫: প্রস্তাব ফরম

ফরম-১: প্রস্তাবনা ফরম

[প্রস্তাব প্রদানকারী কর্তৃক প্যাডে পূরণযোগ্য]

প্যাকেজের নামঃ DPHE/MEH/Solar-01
ইস্যুর তারিখঃ২২/১১/২০২৬ খ্রি.

আমি..... নিম্নস্বাক্ষরকারী, আমার/আমাদের প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত *[যৌথ অংশীদার হলে উভয় প্রতিষ্ঠানের নিকট হতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্তির প্রমানক সংযুক্ত করুন]*। আমি ক্ষমতাপ্রাপ্ত হওয়ায় উপর্যুক্ত প্যাকেজের জন্য সকল শর্তাদি অবহিত হয়ে আমার/আমাদের প্রতিষ্ঠানের পক্ষে সর্বোত্তম প্রস্তাবনা দাখিল করছি। আমাদের প্রতিষ্ঠান যথাযথভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত কাজ সম্পাদন করতে বদ্ধ পরিকর।

ক) সৌরবিদ্যুৎ ব্যবস্থার সক্ষমতা (প্রস্তাবিত): ..... কিলোওয়াট-পিক (kWp)

খ) প্রস্তাবিত সৌরবিদ্যুত স্থাপনের আনুমানিক মূল্যঃ.....টাকা

গ) ছাদ মালিককে প্রদেয় বিদ্যুতের শেয়ার (%): ..... % *[অংক এবং কথায় লিখুন, প্রস্তাবকারী দশমিকের পর ১ (এক) ঘর পর্যন্ত উল্লেখপূবর্ক (যেমন - ১০.৬%, ১২.৩%) শেয়ারের পরিমাণ প্রস্তাব করতে পারবে]*

ঘোষণা:
আমরা প্রস্তাব আহবানের শর্তাদি, বিদ্যুৎ বিভাগের হালনাগাদ নেট মিটারিং নির্দেশিকা, গ্রিড কোড এবং স্রেডার নির্দেশিকা মেনে নিজ অর্থায়নে সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, পরিচালনা এবং ১৫ বছর মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ পরিচালনায় সম্মত আছি।

স্বাক্ষর ও সিল:

[অনুমোদিত কর্মকর্তার নাম ও পদবী]
[অনুমোদিত সার্ভিস প্রোভাইডার কোম্পানির নাম]

সংযুক্তি-ক

মানদন্ডের ঘোষণা পত্র

[প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে জমা দিতে হবে]

প্যাকেজের নামঃ MGC/MEH/Solar-01

ইস্যুর তারিখঃ ২২/১১/২০২৬ খ্রি.

আমার/আমাদের প্রতিষ্ঠানের নকশা অনুযায়ী প্রস্তাবিত যন্ত্রপাতি /যন্ত্রাংশের মানদন্ডের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

ক্রমিক	প্রস্তাবিত যন্ত্রপাতি /যন্ত্রাংশের নাম	প্রযোজ্য ক্ষেত্রে SREDA বা BSTI কর্তৃক অনুমোদিত যন্ত্রাংশের তথ্যাদি (Sl No., Brand Name, Model Number, Capacity)	প্রস্তাবিত যন্ত্রপাতি /যন্ত্রাংশের মানদন্ড	মন্তব্য (সমমান/উত্তম)

(প্রয়োজনীয় সংখ্যক সারি যুক্ত করতে পারবেন)

আমি .....(নাম), আমার/আমাদের প্রতিষ্ঠানের পক্ষে উপর্যুক্ত ছকে বর্ণিত মানদন্ড অনুযায়ী সৌরবিদ্যুত ব্যবস্থা স্থাপন করতে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করছি।

দাখিলকারীর নাম

স্বাক্ষর

সংযুক্তি-খ

নেট মিটারিং চুক্তি ফরম

এই চুক্তি প্রস্তুতপূর্বক _____সালের _____মাসের_____তম দিবসে _____(চুক্তি স্বাক্ষরের স্থানের নাম)_____ নামীয় বিদ্যুৎ গ্রাহক, গ্রাহক নম্বর _____, _____ (বিতরণ অফিসের নাম), গ্রাহকের ঠিকানা_____ _____, অতঃপর প্রথম পক্ষ বলে অভিহিত

এবং _____ (ইউটিলিটি'র নাম),_____ (হেড অফিসের ঠিকানা), _____ আইন বা অধ্যাদেশের দ্বারা প্রতিষ্ঠিত অথবা "কোম্পানি আইন, ১৯৯৪" (১৮ নং আইন) এর আওতায় রেজিস্ট্রিকৃত এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী আইন, ২০০৩" এর আওতায় "বিতরণ ইউটিলিটি" হিসেবে কর্মরত, অতঃপর_____ অথবা ইউটিলিটি বলে অভিহিত, যা এর অনুমতিপ্রাপ্ত প্রতিনিধি এবং উত্তরসূরী কোম্পানিকেও দ্বিতীয় পক্ষ হিসেবে অন্তর্ভুক্ত করবে

এবং যেহেতু _____ (কোম্পানীর নাম), _____ (ঠিকানা) _____ কোম্পানি নিবন্ধন নং _____, নিবন্ধনকারী সংস্থা _____, OPEX মডেলে গ্রাহকের স্থাপনায় সোলার সিস্টেম স্থাপন করেছেন, অতঃপর তৃতীয় পক্ষ বলে অভিহিত

এবং যেহেতু _____ (বিদ্যুৎ গ্রাহকের নাম) _____ (স্থানের নাম) এ অবস্থিত তার স্বত্বাধীন স্থাপনায় স্থাপিত এবং _____ (ইউটিলিটি'র নাম) এর বিতরণ গ্রিডের সাথে _____ ভোল্টেজ লেভেলে সংযুক্ত _____ কিলোওয়াট এসি (_____ কিলোওয়াট পিক ডিসি) ক্ষমতাসম্পন্ন একটি নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম নিজ স্থাপনার অভ্যন্তরে প্রণীত নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী স্থাপনের কার্যক্রম সম্পন্ন করেছেন,

এবং যেহেতু, _____ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নাম) _____ তারিখের _____ নং স্মারকমূলে জারিকৃত আদেশ দ্বারা নিজের বিদ্যুৎ চাহিদা মেটানোর লক্ষ্যে _____ (নীতিমালার নাম) এর আওতায় _____ ঠিকানায় অবস্থিত _____ (বিদ্যুৎ গ্রাহকের নাম) এর মালিকানাধীন স্থাপনায় (ছাদ অথবা সদর প্রাঙ্গনসহ) _____ কিলোওয়াট এসি (_____ কিলোওয়াট পিক ডিসি) ক্ষমতার নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের উন্নয়ন এবং স্থাপনের আদেশ প্রদান করেছেন,

এবং যেহেতু, বিতরণ ইউটিলিটি যোগ্য বিবেচিত গ্রাহককে _____ কিলোওয়াট এসি (_____কিলোওয়াট-পিক ডিসি) রুফটপ সোলার পিভি সিস্টেমে উৎপাদিত বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির বিদ্যুতের মধ্যে অনুপ্রবেশের লক্ষ্যে এবং সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক এ চুক্তির শর্ত পূরণসাপেক্ষে এবং নিম্নেবর্ণিত প্রযোজ্য নীতি/ নিয়ম/ প্রবিধান/ কোড (সময়ে সময়ে সংশোধিত) এ উল্লিখিত বিধান প্রতিপালন সাপেক্ষ গ্রিড সংযোগ প্রদানের সম্মতি প্রদান করেছে-

(ইউটিলিটি কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট দলিলের তালিকা)
উভয়/সকল পক্ষ এ মর্মে নিম্নবর্ণিত বিষয়ে একমত পোষণ করে:

১. সাধারণ যোগ্যতা

i. প্রথম পক্ষ প্রণীত নেট মিটারিং নির্দেশিকা এর অনুচ্ছেদ ৩.১ এ বর্ণিত শর্তাবলী পূরণ করেছে।
ii. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) প্রণীত নেট মিটারিং নির্দেশিকা এর ৩.৩ নং অনুচ্ছেদ দ্বারা নিয়ন্ত্রিত বিদ্যুৎ উৎপাদন এবং গ্রিডে বিদ্যুৎ প্রেরণের সীমারেখা সংক্রান্ত নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করবে।

iii. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এই মর্মে সম্মত রয়েছে যে নবায়নযোগ্য জ্বালানি উৎস থেকে উৎপাদিত বিদ্যুৎ গ্রিডে প্রেরণের ক্ষেত্রে সরকার দ্বারা নিয়ন্ত্রিত বিধিবিধান এবং সময়ে সময়ে এর সংশোধনীর দ্বারা জারিকৃত নিয়মকানুন মেনে চলবেন।

২. কারিগরি এবং ইন্টারকানেকশন সংক্রান্ত যোগ্যতা

i. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এ মর্মে সম্মত হয়েছে যে, স্থাপিত নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম প্রণীত নেট মিটারিং নির্দেশিকা, প্রবিধান, দেশে বিদ্যমান গ্রিড কোড ও বিতরণ কোড এবং সময়ে সময়ে এতে আনীত সংশোধনীসমূহে বিশেষায়িত মানদন্ড এবং চাহিদা এর সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

ii. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এ মর্মে সম্মত হয়েছে যে, সে ইউটিলিটি'র বিতরণ গ্রিডের সাথে রুফটপ সোলার পিভি সিস্টেমের সংযোগ প্রদানের পূর্বে একটি "ইউটিলিটি ইন্টারফেস ডিসকানেক্ট সুইচ" (অটোমেটিক এবং ম্যানুয়াল, উভয় প্রভিশন যুক্ত) স্থাপন করেছে অথবা করবে এবং এ মর্মে সে আরও অঙ্গীকার করে যে, সংশ্লিষ্ট ইউটিলিটি বিতরণ ব্যবস্থার মেরামত ও রক্ষণাবেক্ষণের স্বার্থে এতে প্রবেশাধিকার পাবে এবং প্রয়োজনে এগুলো নিয়ন্ত্রণ করতে পারবে।

iii. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এ মর্মে সম্মত হয়েছে যে, গ্রিড বিদ্যুৎ প্রবাহ বন্ধ হয়ে যাওয়ার ক্ষেত্রে, তার স্থাপিত নবায়নযোগ্য সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বিচ্ছিন্ন হয়ে যাবে এবং উক্ত সিস্টেম হতে কোন বিদ্যুৎ শক্তি ইউটিলিটি'র বিতরণ সিস্টেমে প্রবাহিত হবে না।

iv. বিতরণ সিস্টেমের সাথে সংযুক্ত সকল যন্ত্রপাতি এই নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট সকল প্রবিধান অনুসরণে পরিচালিত হবে।

v. প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এ মর্মে সম্মত হয়েছে যে, ইন্টারফেস/ ইন্টারকানেকশন পয়েন্ট এবং মিটারিং পয়েন্ট দ্বিতীয় পক্ষের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

vi. সকল পক্ষ এ মর্মে সম্মত রয়েছে যে, প্ল্যান্ট পরিচালনা ও এর রক্ষণাবেক্ষণ, ড্রয়িং ও ডায়াগ্রাম, সাইটে দায়িত্ব পালনের শিডিউল, হারমোনিক্স, সিনক্রোনাইজেশন, ভোল্টেজ, ফ্রিকোয়েন্সি, ফ্লিকার ইত্যাদি বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সকল প্রবিধান মেনে চলবে।

vii. নিরাপদ এবং নির্ভরযোগ্য বিতরণ ব্যবস্থা বজায় রাখার বিষয়ে দ্বিতীয় পক্ষের যে বাধ্যবাধকতা রয়েছ, তা পূরণ করার লক্ষ্যে প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ (যদি থাকে) এ মর্মে সম্মত যে, যদি দ্বিতীয় পক্ষ সিদ্ধান্ত প্রদান করে যে, গ্রাহকের নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম সংশ্লিষ্ট ইউটিলিটি'র সম্পদের অথবা এর অন্যান্য গ্রাহকদের ক্ষতির কারণ হচ্ছে অথবা কোন রকম বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করছে, তবে দ্বিতীয় পক্ষ হতে এ বিষয়ে নির্দেশনা পাওয়া মাত্র প্রথম পক্ষ/তৃতীয় পক্ষ নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমটিকে বিতরণ গ্রিড হতে বিচ্ছিন্ন করবে এবং নিজ খরচে দ্বিতীয় পক্ষের সন্তুষ্টি মোতাবেক এ সিস্টেমটির সংশোধনের ব্যবস্থা করবে।

viii. ইউটিলিটির বিতরণ গ্রিডে বিদ্যুতের প্রবাহ বন্ধ থাকাকালীন প্রথম পক্ষ/তৃতীয় পক্ষ থেকে উৎপাদিত বিদ্যুৎ ইউটিলিটির গ্রিডে ব্যাক ফিডিং এর কারণে সংঘটিত যেকোন ধরনের দূর্ঘটনায় কোন মানুষ বা পশু ক্ষতিগ্রস্থ (প্রাণঘাতী/ প্রাণঘাতী নয়/ বিভাগীয়/ অবিভাগীয়) হলে তার সম্পূর্ণ দায়ভার প্রথম/তৃতীয় পক্ষকে নিতে হবে। এধরনের সংকটময় মুহূর্তে দ্বিতীয় পক্ষ প্রথম/তৃতীয় পক্ষের সিস্টেমকে যেকোন সময় বিচ্ছিন্ন করে দেয়ার ক্ষমতা সংরক্ষণ করে।

৩. ছাড়পত্র গ্রহণ এবং অনুমোদন

সংশ্লিষ্ট ইউটিলিটি ব্যতিত আর কোন কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন এবং ছাড়পত্র গ্রহণের প্রয়োজনীয়তা থাকলে প্রথম/তৃতীয় পক্ষ কর্তৃক তা ফটোভোল্টাইক সিস্টেমকে বিতরণ সিস্টেমের সাথে সংযোগ প্রদানের পূর্বেই সংগ্রহ করা হয়েছে।

৪. প্রবেশাধিকার এবং সংযোগ বিচ্ছিন্নকরণ

i. মিটারিং যন্ত্রপাতি এবং নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের সংযোগ বিচ্ছিন্নকরণের স্বয়ংক্রিয় ও ম্যানুয়েল দু'টো মাধ্যমের ক্ষেত্রেই সকল সময় দ্বিতীয় পক্ষের প্রবেশাধিকার থাকবে।

ii. জরুরি অবস্থায়, যখন স্বয়ংক্রিয় অথবা সুইচ বা ব্রেকারের মত ম্যানুয়েল-কোন সংযোগ বিচ্ছিন্নকরণ ব্যবস্থার সাথেই যোগাযোগ করা যায়না, তখন বিতরণ ইউটিলিটি গ্রাহকের স্থাপনার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিতে পারে।

iii. OPEX মডেলে নেট মিটারিং সিস্টেম স্থাপনের ক্ষেত্রে প্রথম পক্ষ কর্তৃক পর পর ২ (দুই) মাস তৃতীয় পক্ষকে OPEX চুক্তি মোতাবেক বিল প্রদান না করলে এবং দ্বিতীয় পক্ষ কর্তৃক তা যাচাইয়ান্তে সত্যতা পাওয়া গেলে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে।

৫. দায়িত্ব

i. নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের সংযোগ প্রদান এবং এর পরিচালনার ক্ষেত্রে প্রথম/তৃতীয় পক্ষের অবহেলা অথবা ইচ্ছাকৃত অসদাচরণের ফলে কোন ক্ষতি বা বিরূপ প্রতিক্রিয়া সাধিত হলে প্রথম/তৃতীয় পক্ষ দ্বিতীয় পক্ষকে এর ক্ষতিপূরণ প্রদান করতে বাধ্য থাকবে। প্রথম পক্ষ তা নিশ্চিত করবে।

ii. দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে প্রণীত নেট মিটারিং নির্দেশিকায় বর্ণিত প্রণোদনার অতিরিক্ত সরকার কর্তৃক প্রদত্ত অন্য যে কোন আর্থিক অথবা অন্য কোন প্রণোদনা প্রদানে বাধ্য থাকবে না।

৬. মিটারিং

মিটারিং ব্যবস্থা প্রণীত নেট মিটারিং নির্দেশিকার অনুচ্ছেদ ৩.৬, পরিশিষ্ট ২ এবং সময়ে সময়ে সংশোধনসমূহ অনুযায়ী নির্ধারিত হবে।

৭. বাণিজ্যিক বন্দোবস্ত

প্রণীত নেট মিটারিং নির্দেশিকার অনুচ্ছেদ ৩.৪, ৩.৫ এবং সময়ে সময়ে এর সংশোধনী অনুযায়ী বাণিজ্যিক বন্দোবস্ত সম্পাদন করা হবে।

৮. সংযোগ প্রদানের ব্যয়

মিটারিং এবং ইন্টারকানেকশনসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপনের সকল ব্যয়ভার প্রথম/তৃতীয় পক্ষ বহন করেছে। প্রযোজ্য ক্ষেত্রে, প্রথম/তৃতীয় পক্ষ সিস্টেম পরিবর্তনের মূল খরচ এবং সিস্টেম আপগ্রেড করার খরচও বহন করেছে এবং করবে।

৯. সিস্টেম স্থাপনের পরে প্রথম পক্ষের আমন্ত্রণে পরির্দশন, পরীক্ষা-নিরীক্ষা, ক্যালিব্রেশন এবং রক্ষণাবেক্ষণ

সিস্টেম স্থাপনের পরে প্রথম পক্ষের আমন্ত্রণে ইউটিলিটি কর্তৃক গ্রাহকের সাথে আলোচনাক্রমে নির্ধারিত সকল পরির্দশন এবং পরীক্ষা-নিরীক্ষা সম্পাদন করেছে। প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ এ প্রকল্পের অথবা উৎপাদন স্টেশনের (যেটা প্রযোজ্য) সকল ড্রয়িং, বিশেষত্ব এবং টেস্ট রেকর্ড দ্বিতীয় পক্ষকে সরবরাহ করেছে এবং ভবিষ্যতে প্রয়োজন হলেও সরবরাহ করবে।

১০. রেকর্ডসমূহ

সকল পক্ষ সম্পূর্ণ শুদ্ধ রেকর্ড এবং অন্যান্য সকল ডাটা সংরক্ষণ করবে, যা সকল পক্ষ কর্তৃক এ চুক্তির সঠিক বাস্তবায়নের লক্ষ্যে রুফটপ সোলার সিস্টেম চালানোর জন্য প্রয়োজন হবে। OPEX মডেলে সিস্টেম স্থাপনের ক্ষেত্রে প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষের মধ্যে পরিশিষ্ট-৬ মোতাবেক ইতিপূর্বে স্বাক্ষরিত OPEX চুক্তির কপি সংযুক্তি হিসেবে এই চুক্তিপত্রের সাথে সংযুক্ত করা হয়েছে, যা এই চুক্তির অংশ হিসেবে গণ্য হবে। দাখিলকৃত প্রস্তাব দলিলের বর্ণিত বিষয়াদি প্রযোজ্য ক্ষেত্রে ত্রিপক্ষীয় চুক্তির অংশ হিসেবে গণ্য হবে।

১১. বিরোধ নিষ্পত্তি

i. যে কোন দুই পক্ষের মধ্যে এই চুক্তির বিষয়ে অথবা এর সাথে সম্পর্কযুক্ত কোন বিষয়ে উদ্ভুত বিরোধ প্রথমে পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে, দ্রুততার সাথে, ন্যায়সঙ্গতভাবে, সরলবিশ্বাসে নিষ্পন্ন করার চেষ্টা করতে হবে।

ii. এধরনের বিরোধের সূত্রপাত হওয়ার ৬০ (ষাট) দিনের মধ্যে অথবা পারস্পরিক সম্মতির মাধ্যমে সম্প্রসারিত সময়ের মধ্যে আলোচনার ম্যাধমে উভয় পক্ষের মধ্যকার বিরোধ নিষ্পন্ন করা না গেলে,

a) প্রথম ও তৃতীয় পক্ষের বিদ্যুৎ শক্তি প্রেরণের বিলিং অথবা বিলিং এর পরিমাণ সংক্রান্ত বিরোধ দ্বিতীয় পক্ষ (ইউটিলিটি) কর্তৃক নিষ্পন্ন করা হবে।

b) প্রথম ও দ্বিতীয় পক্ষের বিদ্যুৎ শক্তি প্রেরণের বিলিং অথবা বিলিং এর পরিমাণ সংক্রান্ত বিরোধ বিদ্যুৎ বিভাগ/স্রেডা কর্তৃক নিষ্পন্ন করা হবে।

c) প্রবিধানমালা অথবা এর ব্যাখ্যা সংক্রান্ত বিষয়ে উদ্ভূত বিরোধ বিদ্যুৎ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর সিদ্ধান্ত মোতাবেক অথবা বিদ্যুৎ বিভাগ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন সংস্থা কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় নিষ্পন্ন করতে হবে।

১২. চুক্তির অবসান

i. পারস্পরিক সমঝোতার ভিত্তিতে প্রথম পক্ষ এবং তৃতীয় পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে। তবে সেক্ষেত্রে অবশ্যই দ্বিতীয় পক্ষ (সংশ্লিষ্ট ইউটিলিটি)- কে অবহিত করতে হবে।

ii. তৃতীয় পক্ষ উপরোল্লিখিত চুক্তির শর্তাদি পালনে ব্যর্থ হলে অথবা প্রথম ও তৃতীয় পক্ষের মধ্যে উক্ত চুক্তির শর্তানুযায়ী বিরোধ নিষ্পত্তি করতে ব্যর্থ হলে, প্রথম পক্ষ চুক্তি অবসানের লক্ষ্যে দ্বিতীয় পক্ষ (সংশ্লিষ্ট ইউটিলিটি)-কে অবহিত করে তৃতীয় পক্ষকে নোটিশ প্রদান করতে পারবে।

iii. প্রথম এবং তৃতীয় পক্ষ এই মর্মে সম্মত রয়েছে যে, এ চুক্তির কোন শর্ত ভঙ্গের কারণে দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রথম এবং তৃতীয় পক্ষকে কোন নোটিশ প্রদান করলে প্রথম এবং তৃতীয় পক্ষ নোটিশ প্রাপ্তির পর শর্তভঙ্গের কারণ প্রতিকারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে, অন্যথায় দ্বিতীয় পক্ষ চুক্তির অবসান ঘটাতে উভয়পক্ষকে যুক্তিযুক্ত সময় প্রদান করে পুনঃনোটিশ প্রদান করতে পারবে।

iv. প্রথম পক্ষ উপরোল্লিখিত চুক্তির শর্তাদি পালনে ব্যর্থ হলে অথবা প্রথম ও তৃতীয় পক্ষের মধ্যে উক্ত চুক্তির শর্তানুযায়ী বিরোধ নিষ্পত্তি করতে ব্যর্থ হলে তৃতীয় পক্ষ চুক্তি অবসানের লক্ষ্যে দ্বিতীয় পক্ষ (সংশ্লিষ্ট ইউটিলিটি)-কে অবহিত করে প্রথম পক্ষকে নোটিশ প্রদান করতে পারবে।

v. কোন কারণে প্রথম ও তৃতীয় পক্ষের মধ্যে চুক্তির অবসান হলে দ্বিতীয় পক্ষের মধ্যস্ততায় ক্ষতিপূরণ নির্ধারণ করা হবে। এই ক্ষতিপূরণ পরিশোধ সাপেক্ষে চুক্তির অবসান ঘটানো যাবে।

vi. প্রথম/তৃতীয় পক্ষ এই মর্মে সম্মত রয়েছে যে, সিস্টেমটির উল্লেখযোগ্য কম্পোন্যান্ট নির্দেশিকা অনুযায়ী অনুমোদনবিহীন কম্পোন্যান্ট দ্বারা প্রতিস্থাপন বা নতুন সংযোজন করা হলে দ্বিতীয় পক্ষ লিখিত পত্রের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবে।

এ চুক্তির আওতায় যেকোন যোগাযোগের ক্ষেত্রে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন:

_____ (ইউটিলিটি'র নাম) এর পক্ষে:	বিদ্যুৎ গ্রাহকের পক্ষে:	OPEX বিনিয়োগকারীর পক্ষে:

সকলপক্ষ স্ব স্ব ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে এ চুক্তি সম্পাদন করলেন এবং উপরে বর্ণিত তারিখে বিদ্যমান এর কপি প্রত্যেক পক্ষ বরাবর প্রেরণ করা হল।

ইউটিলিটি'র পক্ষে,	বিদ্যুৎ গ্রহকের পক্ষে,	OPEX বিনিয়োগকারীর পক্ষে,
স্বাক্ষরদাতা	স্বাক্ষরদাতা	স্বাক্ষরদাতা
সাক্ষী ১. ২.	সাক্ষী ১. ২.	সাক্ষী ১. ২.

OPEX মডেলে নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম স্থাপনের ক্ষেত্রে বিদ্যুৎ গ্রাহক ও সিস্টেম স্থাপনকারী ওপেক্স বিনিয়োগকারীর মধ্যে চুক্তির উল্লেখযোগ্য বিষয়াদি

১. বিদ্যুৎ গ্রাহককে প্রণীত নেট মিটারিং নির্দেশিকা অনুযায়ী সোলার সিস্টেম হতে উৎপাদিত সমুদয় বিদ্যুৎ 'RE Accounting Meter' বা 'Solar Accounting Meter' (সমূহের) ভিত্তিতে OPEX বিনিয়োগকারী হতে ওপেক্স চুক্তিতে উল্লিখিত দর ও শর্তে ক্রয়ে সম্মত হতে হবে। সাধারণত এ দর (ট্যারিফ) বিতরণ ইউটিলিটির রিটেইল ট্যারিফ হতে কম হয়ে থাকে। বিদ্যুৎ গ্রাহক তার জন্য প্রযোজ্য যথাযথ প্রক্রিয়ায় এ দর নির্ধারণ ও OPEX বিনিয়োগকারী প্রতিষ্ঠান নির্বাচন করবে।

২. বিদ্যুৎ গ্রাহক এবং ওপেক্স বিনিয়োগকারীর মধ্যে বিদ্যুৎ ক্রয় বিক্রয়ের ট্যারিফ ফ্ল্যাট অথবা বছর ভিত্তিক স্ল্যাভে সুস্পষ্টভাবে চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে। প্রয়োজনে ট্যারিফ পরিবর্তনের শর্তাবলী সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে যাতে সন্দেহাতীতভাবে চুক্তি মেয়াদে ভবিষ্যৎ ট্যারিফ নির্ধারণ হতে পারে।

৩. পেমেন্ট ব্যবস্থাপনা ব্যাংক অথবা অনুরূপ নির্ভরযোগ্য উপায়ে হতে হবে, যাতে লেনদেনের উপযুক্ত প্রমাণক থাকে।

৪. সকল মিটারের প্রতিমাসের মিটার রিডিং যথাসময়ে উভয়পক্ষের প্রতিনিধির উপস্থিতিতে নিতে হবে এবং রেকর্ডবুকে উভয় পক্ষ সংরক্ষণ করবে।

৫. উভয় পক্ষের সম্মতিতে কমপক্ষে ১২ মাসের স্ট্যান্ডবাই এলসি গ্যারান্টি বা অনুরূপ সিকিউরিটি গ্রাহক ওপেক্স বিনিয়োগকারীকে প্রদান করবে। উভয় পক্ষের সম্মতিতে চুক্তিপত্রে উল্লেখ করে প্রভিশনটি বাদ দিতে পারবে, তবে এক্ষেত্রে তৃতীয় পক্ষ ভবিষ্যতে বিরূপ পরিস্থিতির সম্মুখীন হতে পারে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ অনুচ্ছেদ বিবেচ্য হবে না।

৬. বিদ্যুৎ গ্রাহকের বার্ষিক সেট্‌লমেন্ট ইউনিট শূণ্য না হলে তার জন্য উভয় পক্ষের মধ্যে সমন্বয়ের শর্তাদি ওপেক্স চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সোলার সিস্টেম হতে রিঅ্যাকটিভ পাওয়ার গ্রহণের পরিমাণ ও শর্তাবলী চুক্তিতে অন্তর্ভুক্ত থাকতে হবে।

৮. OPEX চুক্তির একটি নির্ধারিত মেয়াদ থাকবে এবং মেয়াদ শেষে সোলার সিস্টেমটির বিষয়ে করণীয় (regular exit plan) চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে। প্রস্তাব দলিলের বর্ণিত বিষয়াদি প্রযোজ্য ক্ষেত্রে উভয় পক্ষের জন্য বাধ্যতামূলক হবে।

৯. বিদ্যুৎ গ্রাহকের প্রস্তাবে চুক্তির মেয়াদের পূর্বেই কোন অনিবার্য কারণে চুক্তি বাতিল করতে হলে (forced exit plan) উভয় পক্ষের করণীয় চুক্তিতে উল্লেখ থাকতে হবে। অনুরূপভাবে OPEX বিনিয়োগকারীর প্রস্তাবে চুক্তির মেয়াদের পূর্বেই কোন অনিবার্য কারণে চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষের করণীয় চুক্তিতে উল্লেখ থাকতে হবে।

১০. বিতরণ ইউটিলিটি সম্মত হলে একটি নির্দিষ্ট পরিমাণ ফি গ্রহণ সাপেক্ষে OPEX বিনিয়োগকারীর পক্ষে বিদ্যুৎ গ্রাহকের নিকট হতে OPEX বিল সংগ্রহের কাজ করতে পারবে। এ ক্ষেত্রে প্রভিশনটি এ চুক্তিতে উল্লেখ করতে হবে এবং এ সংক্রান্ত বিতরণ ইউটিলিটির সাথে OPEX বিনিয়োগকারী কোম্পানির সম্পাদিত চুক্তির কপি অথবা বিতরণ ইউটিলিটির সম্মতিপত্র সংযুক্ত করতে হবে।

১১. এই দ্বিপাক্ষিক ওপেক্স চুক্তির কপি নেট মিটারিং সিস্টেম স্থাপনের পরে পরিশিষ্ট-৪ অনুযায়ী অনুষ্ঠিতব্য ত্রিপক্ষীয় চুক্তির অংশ হিসেবে গণ্য হবে এবং উক্ত চুক্তিপত্রের সাথে সংযুক্ত করতে হবে।